## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৭শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৬ই কার্ত্তিক বুধবার ১৩৬৭ ইংরাজী 2nd Nov. 1960 { ২৪শ সংখ্যা



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Seva

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



PATENT NO. 62354 OF 67

## খাস জনতা

কেরোসিন কুকার

রন্ধনে স্বাচ্ছন্দ্য ও নিপুণতা আনবে।

প্রস্তুতকারক:

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিতপ্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৬ই কার্ত্তিক বুধবার সন ১৩৬৭ সাল।

## "সত্যমেব জয়তে" ঘোষিত দেশে সত্য স্বরূপ ঢাকার অদম্য উদ্যম শখের SHOCK (শক—ধাক্কা) "মান রাখিতে প্রাণান্ত"

—০—

যে ইংলণ্ড প্রায় দুই শত বৎসর ভারতকে পদানত রাখিয়াছিল—ভারতের "সার শস্য" গ্রাস করিয়া দেশে দারিদ্র্য স্থায়ী ও দুর্ভিক্ষ নিয়মিত ঘটনা করিয়াছিল—যে ইংলণ্ডের শাসন হইতে মুক্তিলাভের জন্য বহু ভারতীয় প্রাণপাত করিয়াছে এবং যে ইংলণ্ড—নেতাজীর বিস্ময়কর কার্য্যে বাধ্য হইয়া—দুইটি বিশ্বযুদ্ধের পরে ভারতকে খণ্ডিত করিয়া তাহার মনোমত একদল রাজনীতিকের হস্তে শাসন-ক্ষমতা হস্তান্তরিত করিয়া দুর্ব্বল ভারত ত্যাগ করিয়াছে—আন্তর্জ্জাতিক খ্যাতিলোলুপ ভারতের (খণ্ডিত) প্রধান মন্ত্রী জহরলাল সেই ইংলণ্ডের রাণীকে—কমন-ওয়েলথের মুকুটমণিকে—স্বায়ত্ত-শাসনশীল ভারতে আসিতে অনুরোধ করিয়া রাষ্ট্র-পতির মারফতে আমন্ত্রণ জানাইয়াছিলেন—আমন্ত্রণ গৃহীত হওয়ায় তিনি ও তাঁহার সহকর্ম্মীরা কৃতার্থ হইয়াছেন। কিন্তু তিনি আর ভারতেশ্বরী না থাকিলেও তাঁহার সম্বর্দ্ধনার জন্য আয়োজনের ত্রুটি হইতে পারে না। আয়োজন অবশ্য ব্যয়সাধ্য এবং সে ব্যয় ভারতের লোককেই বহন করিতে হইবে। সেজন্য ভারতের বৈদেশিক ঋণভার বর্দ্ধিত হইবে কি না বলিতে পারি না।

প্রথমে সর্ত্ত হইতেছে—কোথাও রাণীকে একাধিক মাল্যদান করা হইবে না। কারণ, মালায় পোষাক নষ্ট হয়। মাল্যদান বন্ধ করিলে ভাল হয় না? কারণ মাল্যদান ভারতীয় প্রথা—সুতরাং বর্ব্বরতার পরিচায়ক। ইংলণ্ড হইতে অগ্রগামী দল আসিতে-ছেন—কোথায় কিরূপ ব্যবস্থা করিতে হইবে, তাহা তাঁহাদিগের পরামর্শ লইয়া স্থির করিতে হইবে। ব্যবস্থা হয়ত অবস্থার উপযোগী হইবে না। কিন্তু তবুও সেইরূপ ব্যবস্থা করিতে হইবে। নহিলে—মান থাকে না—ভারত সরকারেরও বটে—ইংলণ্ডেরও বটে। এদেশে যে বিদেশী প্রধানরা আমন্ত্রিত হইয়া আসিয়া থাকেন, তাহাতে ভারতের ব্যয় অল্প হয় না। যখন ক্রুশ্চেভ ও বুলগেনিন কলিকাতায় আসিয়াছিলেন, তখন তাঁহাদিগকে হাওড়ায় বোটানিক্যাল বাগান দেখান স্থির হয়। "অনেক চিন্তার পর"—ফোরশোর রোড দিয়া লইয়া যাওয়া হইবে। হুকুম হইল—পথ যেন ভাল হয়—মোটরে ঝাঁকী না লাগে—It must be smooth as glass. ব্যয়ের হিসাব হইল। একজন লোক বলিয়া ফেলিলেন—রাস্তাটি সরকারের নহে—পোর্ট কমিশনারদিগের, সরকার তাহাতে অর্থ ব্যয় করিবেন;—ক্রুদ্ধ হইয়া বড়কর্ত্তা বলিলেন—এসব কথা তিনি শুনিতে চাহেন না; তাঁহার হুকুম—ঐ রাস্তাই কাঁচের মত মসৃণ করিতে হইবে। তাহাই হয়। কোন্ ঠিকাদার কত টাকা পাইয়াছিলেন, বলিতে পারি না।

এবার ইংলণ্ডের রাণী কলিকাতায় আসিলে কোন কোন্ অবস্থা গোপন করিতে হইবে, সেই চিন্তায় পশ্চিমবঙ্গ সরকারের দপ্তরখানায় বৈঠক বসিতেছে। বলা হইয়াছে, চীফ সেক্রেটারীর ঘরে বৈঠক বসিতেছে। চীফ সেক্রেটারী এখন দুইজন। কাহার ঘরে বসিতেছে এবং কে তাহাতে প্রাধান্য করিতেছেন, তাহা এখনও জানা যায় নাই।

আপাততঃ বিবেচ্য—

(১) বিমান বন্দর হইতে কলিকাতা পর্য্যন্ত যশোহর রোডের দুই পার্শ্বস্থ পচা জল ও পাঁকপূর্ণ দুর্গন্ধের, ব্যাধির ও মশকের উৎপত্তি স্থান—খোলা নর্দ্দমা কিরূপে পরিচ্ছন্ন দেখান যায় আর পথে যে সব বাজার আছে—সে সব পরিষ্কার দেখান যায়।

(২) কিরূপে পুরাতন বিজ্ঞাপন ও সাইন বোর্ড নূতন করিয়া রং করা যায়।

(৩) কিরূপে অব্যবহৃত আলোকের থাম দূর করা যায়।

(৪) কিরূপে অসংস্কৃত পথ সংস্কৃত দেখান যায়।

(৫) কিরূপে সহরে যে আলো—not light but darkness visible তাহা উজ্জ্বল দেখান যায়। অর্থাৎ যাহা নহে—তাহাই দেখাইবার জন্য কি কি করা যায়।

আমাদিগের একটি পুরাতন কথা মনে পড়িল। তখন সার চার্লস ইলিয়ট বাংলার ছোটলাট। তিনি বর্দ্ধমান পরিদর্শনে যাইবেন। তিনি পানা-পুকুর দেখিলে রাগ করিতেন। অথচ বর্দ্ধমানে পানাপুকুর অনেক। মিউনিসিপ্যাল কমিশনাররা চিন্তিত হইলেন। শেষে উপায় স্থির হইল।

যে পথে ছোটলাটকে লইয়া মহারাজার জুড়ী যাইবে—সেই পথের ধারে সব পানাপুকুরের উপর বাঁশের চালী করিয়া তাহার উপর দুর্ব্বা ঘাসের মাটির চাপড়া দিয়া তাহার স্বরূপ গোপন করা হইবে। আর চালককে বকসিসের লোভ দেখাইয়া বলা হইল—সে যেন ঐ সকল স্থানে দ্রুত গাড়ী চালায়। ফলে ছোটলাট পানাপুকুর দেখিতে পাইলেন না। মিউনিসিপ্যালিটির অনেক অর্থ ব্যয় হইল। পানাপুকুরগুলি যেমন ছিল তেমনই থাকিল। মিথ্যার জয় হইল।

বীর ক্রমওয়েল যে চিত্রকর তাঁহার ছবি আঁকিতে-ছিলেন, তাঁহাকে বলিয়াছিলেন—Paint me as I am—আমি যেমন তেমনই আঁকিবেন—যদি মুখে দাগগুলি বাদ দেন, তবে পারিশ্রমিক পাইবেন না। কিন্তু সেরূপ সৎসাহস কয়জনের থাকে? অন্ততঃ পশ্চিমবঙ্গ সরকারের যে নাই, তাহা দপ্তরখানার বৈঠকে বুঝা যাইতেছে। যে অর্থ ইংলণ্ডের রাণীর সম্বর্দ্ধনায় ব্যয়িত (অপব্যয়িত) হইবে তাহা যদি আসামে ক্ষতিগ্রস্ত বাঙালীদিগকে দেওয়া হইত, তবে কি ভাল হইত না? দারিদ্র্য ও দুর্দ্দশা গোপন করিয়া বিদেশীকে প্রতারিত করা যায়—কিন্তু তাহাতে কি ফল ফলে?

ইংলণ্ডের রাণীর কলিকাতায় আগমনের জন্য কত লক্ষ টাকা ব্যয় হইবে, তাহার হিসাব কি গোপন রাখা হইবে? যে সব জিনিস এই সব সময়ে গোপন করিতে হয়, সে সকল দূর করিতে সচেষ্ট হওয়াই কি সঙ্গত নহে? যে বৈঠক হইয়া গিয়াছে, তাহাতে উপস্থিত ছিলেন—

(১) বিদ্যুৎ সরবরাহ কোম্পানীর প্রতিনিধি।

(২) যে ওরিয়েণ্টাল গ্যাস কোম্পানী লইয়া মামলা চলিতেছে তাহার প্রতিনিধি। (৩) কলিকাতা ট্রাম কোম্পানীর প্রতিনিধি। (৪) সরকারের বিবিধ বিভাগের লোক। (৫) কলিকাতা কর্পোরেশনের প্রতিনিধি। অর্থাৎ ছিলেন না কেবল তিন সম্প্রদায়ের প্রতিনিধিদল—

(১) কলিকাতার ভিক্ষুক দল। (২) কলিকাতার পকেটমার। (৩) কলিকাতা কর্পোরেশনের ধাঙ্গড়।

দুইজন চীফ সেক্রেটারীর মধ্যে একজন অভিজ্ঞতায় বড়—সত্যেন্দ্রনাথ রায়। তিনিই কি সব ব্যবস্থা করিবেন? যে অর্থ ব্যয়িত হইবে, তাহা বোধ হয় রাজ্য সরকারকেই দিতে হইবে। কাজেই হইবে পশ্চিমবঙ্গের লোকে—"মান রাখিতে প্রাণান্ত"—এ মানের মূল্য কি?"

—'বসুমতী'

## নবাগত জেলা শাসক

মুর্শিদাবাদের জেলা শাসক ভার্নন শিবচন্দ্র বনার্জি হাওড়া ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের চেয়ারম্যান পদে বদলী হইয়াছেন। মিঃ ক্লফোড নেভিল্ পেন এণ্টনি মুর্শিদাবাদের জেলা শাসক পদে ব্রতী হইয়া কর্ম্মভার গ্রহণ করিয়াছেন। আমরা নবাগত জেলা শাসক মহোদয়কে সাদর অভিনন্দন জ্ঞাপন করিতেছি।

## আচার্য্য রামেন্দ্রসুন্দর জন্ম বার্ষিকী

গত ২০এ অক্টোবর সন্ধ্যা পাঁচ ঘটিকার সময় জেমো (কান্দী) রামেন্দ্রসুন্দর স্মৃতি-পাঠাগার ভবনের সম্মুখস্থ প্রাঙ্গণে আচার্য্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর সপ্তনবতিতম বার্ষিক জন্মোৎসব উদ্‌যাপিত হইয়াছে। এই উৎসব সভায় পৌরোহিত্য করেন পশ্চিম বঙ্গ সমাজ শিক্ষা পরিদর্শক সুপণ্ডিত শ্রীনিখিলরঞ্জন রায়।

## চড়কা গ্রামে চুরি

গত ২৩শে অক্টোবর রাত্রিতে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত চড়কা গ্রামের শ্রীজামাত সেখের পাকা ঘরে সিঁদ কাটিয়া চোরে চারিটি পিতলের ঘড়া, কাঁসা পিতলের বাসন, সোনা-রূপার গহনা, কিছু নগদ টাকা ও রবিশস্যের চারিমণ বীজ লইয়া গিয়াছে।

## দুর্দ্ধর্ষ দস্যু গ্রেপ্তার

কান্দী থানার সাব-ইন্সপেক্টর শ্রীক্ষিতীশচন্দ্র গুহ সম্প্রতি কান্দী থানার ভারেরা গ্রাম হইতে শঙ্কর ঘোষ নামক এক পলাতক ডাকাতকে গ্রেপ্তার করিতে সমর্থ হন। উক্ত শঙ্কর ঘোষকে ধরার জন্য দুইশত টাকা পুরস্কার ঘোষণা করা হয় এবং তাহাকে মুর্শিদাবাদ, বর্দ্ধমান, বীরভূম প্রভৃতি জেলার বিভিন্ন ডাকাতি সম্পর্কে পুলিশ গত ৫।৬ বৎসর ধরিয়া বহু চেষ্টা করিয়াও ধরিতে পারে নাই। উক্ত দারোগা বাবু চার জন কনেষ্টবল সহ ভারেরা গ্রামের এক দোতালা মাটির ঘর হইতে উক্ত শঙ্কর ঘোষকে গ্রেপ্তার করে। উক্ত দারোগা ঘুমন্ত আসামীর বুকের উপর মশারী সমেত লাফাইয়া পড়েন বলিয়া প্রকাশ। শঙ্কর ঘোষের কাছে একটি লোহার শাবল ছিল। কিন্তু তাহা ব্যবহারের সুযোগ সে পায় নাই। প্রকাশ থাকে সাব-ইন্সপেক্টর গুহ ইতিপূর্ব্বে আঙ্গারপুর ডাকাতি মামলায় আসামীদের ধরিয়া কৃতিত্ব প্রদর্শন করেন।

## চাঁদি আটক

এনফোর্সমেণ্ট ষ্টাফ নবদ্বীপের জনৈক স্বর্ণ-ব্যবসায়ীকে প্রায় ২৫০০ তোলা চাঁদিসহ খাগড়া বাজারে আটক করে। এনফোর্সমেণ্ট সাব-ইন্সপেক্টর শ্রীচন্দ্রশেখর মজুমদার ও শ্রীঅতুল ঘোষ উক্ত ব্যবসায়ীর নিকট মাল খরিদের কোন রসিদ না পাওয়ায় তাহাকে গ্রেপ্তার করিয়া থানায় লইয়া যান। প্রকাশ, উক্ত চাঁদির মধ্যে ব্রিটিশ আমলের কিছু টাকা আধুলিও ছিল।

## কিমদ্ভুতম্

নবগ্রাম থানার গুড়া গ্রাম নিবাসী শ্রীকমলাক্ষ রায় চৌধুরী একজন অবসরপ্রাপ্ত রেল কর্ম্মচারী ও প্রাক্তন শিক্ষক ছিলেন। গত চারি মাসকাল কোন খাদ্য বা পানীয় গ্রহণ করেন নাই। এক রাত্রিও ঘুমান নাই কিংবা মলত্যাগ করেন নাই। এই অভিনব ব্যাপার সম্পর্কে তিনি সমস্ত চিকিৎসকের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন।

## সরকারী বিজ্ঞপ্তি

যে সকল ব্যক্তি ষ্টেজ ক্যারেজ পারমিট ও পাবলিক ক্যারিয়ার-এর পারমিট রিনিউ করিবার জন্য এবং সেই সঙ্গে মোটর যান (ট্যাক্সি) সম্পর্কিত পাবলিক ক্যারিয়ার-এর পারমিট ও কন্‌ট্রাক্ট ক্যারেজ পারমিটের জন্য দরখাস্ত করিয়াছেন তাঁহাদিগের নামের একটী তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের অফিসের নোটীস বোর্ডে এবং সেই সঙ্গে জেলার প্রত্যন্তবর্ত্তী মহকুমা অফিসারদের নোটীস বোর্ডে টাঙাইয়া দেওয়া হইয়াছে। এই সম্পর্কে কোন আবেদন থাকিলে তাহা নোটীস প্রকাশের ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করিতে হইবে। আবেদনগুলি বিবেচনার সময় ও স্থান যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে জানানো হইবে। স্বাঃ/—মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারের সেক্রেটারি।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৪ই নভেম্বর ১৯৬০

১৯৬০ সালের ডিক্রীজারী

২০ স্বত্ব ডিঃ গোপালচন্দ্র চট্টোপাধ্যায় দেং সবিতাকুমার বন্দ্যোপাধ্যায় দাবি ১৮২৪ টাকা ৩৬ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথগঞ্জ ২ শতকের কাত ৩।৯ আঃ ২০০০৲ খং ৩৩৯

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৪ই নভেম্বর ১৯৬০

১৯৬০ সালের ডিক্রীজারী

১৩ খাং ডিঃ কৃষ্ণমণি দাসী দিং দেং সেবাইত রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ১০৯০৲ ৭২ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে সেরপুর ১-৫৫ শতকের কাত ১০॥০ তদুপরিস্থিত পাকা বাড়ী মায় ইট, কাঠ, তীর, বরগা, দরজা জানালা ইত্যাদি জিম্মা সহ আঃ ৩০০৲ মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী মোকররী জোত খং ৩১৫ কোর্ট ভ্যালুয়েশন ৬০০৲ ২নং লাট মৌজাদি ঐ ৬-৫৫ শতকের কাত ২৭৴০ আঃ ৪০০৲ খং ১১৩ কোর্ট ভ্যালুয়েশন ১২০০৲



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন"    টেলিফোন : বড়বাজার ৫১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার [illegible]

সর্ব্বদা সুলভ মূল্যে [illegible]

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে [illegible]

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

ফটো তোলা, ফটো ওয়াশ, প্রিণ্ট ও এন্‌লার্জ করা, সিনেমা স্লাইড তৈরী প্রভৃতি যাবতীয় কাজ এবং নানাপ্রকার ছবি ও সূচীকার্য্য সুন্দররূপে বাঁধান হয়।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।